দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAY 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# ছাত্রলীগের কমিটির মেয়াদ শেষ হয়েছে দু'বছর আগে

মধ্যে সম্মেলনের আয়োজন করতে হবে। অন্যথায় "নির্বাহী সংসদের কার্যকারিতা লোপ পাবে। ২০১১ সালের ১০-১১ জুলাই কেন্দ্রীয় সম্মেলনের মাধ্যমে গঠিত হওয়া 'সোহাগ-নাজমুল' কমিটির সদস্য সংখ্যা ইতোমধ্যে পাঁচ শ' ছাড়িয়ে গেছে। অথচ গঠনতন্ত্র অনুযায়ী এ সংখ্যা ২৫১ হওয়ার কথা। অনেককে আবার মৌখিকভাবে কেন্দ্রীয় নেতা হিসেবে ঘোষণা করা হয়েছে। এসব মিলিয়ে কেন্দ্রীয় কমিটির প্রকৃত সদস্য সংখ্যা খোদ কমিটির নেতারাই জানেন না!

## সম্মেলনের দাবি উঠলেও এড়িয়ে যাওয়া হচ্ছে

বার বার কেন্দ্রীয় সম্মেলনের দাবি উঠলেও জেলা কমিটির সিডিউল ঘোষণা দিয়ে সম্মেলনের বিষয়টি বিভিন্নভাবে এড়িয়ে গেছেন বর্তমান শীর্ষ নেতৃত্ব। ২০১৪ সালের শেষ দিকে সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের কাছ থেকে কেন্দ্রীয় সম্মেলন করার জোর দাবি উঠেছিল। এরই প্রেক্ষিতে চলতি বছরের শুরুতে ৫ জানুয়ারি প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনের একটি প্রোগ্রামে বর্তমান সভাপতি ও সাধারণ সম্পাদক বলেছিলেন, 'এটাই আমাদের শেষ প্রোগ্রাম'। এরপর আরও পাঁচ মাস অতিবাহিত হয়েছে, কেন্দ্রীয় সম্মেলন আর হয়নি। সর্বশেষ ২৬ মার্চ স্বাধীনতা দিবসে সকালে ধানমণ্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে প্রধানমন্ত্রী সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলমকে দ্রুত সাবেক হওয়ার কথা বলেন। এ নিয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রতিবেদনও প্রকাশিত হয়। এরপর তারা বলতে শুরু করেন, সিটি কর্পোরেশন নির্বাচনের পরই তারিখ ঘোষণা করা হবে। গত ২৮ তারিখের নির্বাচনের পর এক সপ্তাহ অতিবাহিত হলেও কেন্দ্রীয় সম্মেলন উপলক্ষে আর কোন কথাই বলছেন না শীর্ষ নেতারা। তিন সিটির নির্বাচনের আগে কেন্দ্রীয় সম্মেলন